যে তাবীর (পরাগায়ন) করার পরে খেজুর গাছ বিক্রি করল তার ফল হবে বিক্রেতার জন্যে, অবশ্য ক্রেতা যদি (ফলের) শর্ত করে তবে সে পাবে।

আবদুল্লাহ ইবনু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত: “যে তাবীর (পরাগায়ন) করার পরে খেজুর গাছ বিক্রি করল তার ফল হবে বিক্রেতার জন্যে, অবশ্য ক্রেতা যদি (ফলের) শর্ত করে
তবে সে পাবে”। অপর বর্ণনায় রয়েছে: “যে ব্যক্তি কোন গোলাম খরিদ করল, তার সম্পদের
মালিক হবে সে যে তাকে বিক্রি করেছে, তবে ক্রেতা যদি শর্ত করে”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

তাবীরের (পরাগায়নের) অধিকার বিক্রেতার, তাই তাঁরই সাথে ফলকে সম্পৃক্ত করা হয়েছে, কারণ, সেই ফল আসার কারণটি আঞ্জাম দিয়েছে। আর তা হলো তাবীর করা। তবে যদি তাবীর করার পরও ক্রেতা শর্ত দেয় যে, ফল তার জন্য হবে এবং বিক্রেতা তা গ্রহণ করে তখন তা শর্ত অনুযায়ী হবে। অনুরূপভাবে যে গোলামের হাতে মালিক সম্পদ রেখেছে, তাকে যদি বিক্রি করে তবে তার সম্পদ তার মুনীবের যিনি তাকে বিক্রি করল। কারণ, এটি ক্রয়-বিক্রয়ের মধ্যে পড়ে না। তবে যদি বিক্রেতা শর্ত দেয় অথবা কিছু অংশের শর্ত দেয় তখন তা বিক্রির মধ্যে পড়বে।

https://sunnah.global/hadeeth/bn/show/5842